# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০২৭

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো আল্লাহর কাছে আশ্রয় চাওয়া পরকালে পাপের জন্য পুঙ্খানুপুঙ্খভাবে হিসাবের মুখোমুখী হওয়া এবং দুনিয়াতে এমন পাপ করা থেকে

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ التَّعَوُّذُ بِاللَّهِ جَلَّ وعلا من المناقشة عن جِنَايَاتِهِ فِي الْعُقْبَى وَالْوُقُوعِ فِي أَمْثَالِهَا فِي الدنيا

আরবী

1027 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حدثنا عثمان ابن أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورٍ عَنْ هِلَالِ بْنِ يَسَافٍ عَنْ فَرْوَةَ بْنِ نَوْفَلٍ الْأَشْجَعِيِّ قَالَ: سَأَلْتُ أُمَّ الْمُؤْمِنِينَ عَائِشَةَ عَمَّا كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدْعُو؟ قَالَتْ: كَانَ يَقُولُ: (اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا عَمِلْتُ وَمِنْ شَرِّ ما لم أعمل)

الراوي : فَرْوَة بْنِ نَوْفَلٍ الْأَشْجَعِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1027 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১০২৭. ফারওয়া বিন নাওফাল আল আশজাঈ বলেন, আমি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে জিজ্ঞেস করলাম, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কী দু‘আ করতেন, সে সম্পর্কে, তখন তিনি বলেন, “তিনি বলতেন, اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا عَمِلْتُ وَمِنْ شَرِّ ما لم أعمل (হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে আশ্রয় চাই আমি যা আমল করেছি, তার অনিষ্টতা থেকে আর আমি যা আমল করিনি, তার অনিষ্টতা থেকে।)”[1]

ফুটনোট

[1] আবূ দাঊদ: ১৫৫০; সহীহ মুসলিম: ২৭১৬; নাসাঈ: ৩/৫৬; মুসনাদ আহমাদ: ৬/২৭৮।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩৮৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ফারওয়া ইবন নওফাল (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90340

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন